তারিখ ... 9 MAY 2017 ...
পৃষ্ঠা ... ১৬ ... ৭ ...

## শাহজাদপুরে রবীন্দ্র জন্মোৎসব শুরু

# আগামী সেশন থেকে চালু হবে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় কার্যক্রম

প্রতিনিধি, শাহজাদপুর (সিরাজগঞ্জ)

উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশের মধ্যে দিয়ে গতকাল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে শাহজাদপুর রবীন্দ্র কাছারিবাড়ি প্রাঙ্গণে ৩ দিনব্যাপী রবীন্দ্র জন্মজয়ন্তী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করা হয়েছে। সকালে স্থানীয় রবীন্দ্র কাছারিবাড়ি অডিটরিয়ামে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ণাঢ্য ওই অনুষ্ঠানমালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমাম। উদ্বোধনী অনুষ্ঠানের সকল বক্তাই অবিলম্বে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়-বাংলাদেশ' এর শিক্ষা কার্যক্রম দ্রুত চালুর দাবি জানান। এ প্রসঙ্গে প্রধান অতিথি প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমাম বলেন, 'রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে শাহজাদপুরে আয়োজিত অনুষ্ঠানে আসার আগেই তিনি এ ব্যাপারে প্রধানমন্ত্রী জননেত্রী আগামী : পৃষ্ঠা : ২ ক : ৬

### আগামী : সেশন

(১৬ পৃষ্ঠার পর)

শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে মতবিনিময় করেছেন। প্রধানমন্ত্রী তাকে আশ্বাস দিয়ে বলেছেন, খুব শীঘ্রই 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়-বাংলাদেশ'র ভাইস চ্যান্সেলর ও প্রকল্প পরিচালক নিয়োগদান করে আগামী সেশন থেকেই ওই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।' উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ হাসিবুর রহমান স্বপন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যাপক মেরিনা জাহান, সিরাজগঞ্জ পুলিশ সুপার মিরাজ উদ্দিন আহমেদ পিপিএম, শাহজাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর আজাদ রহমান, মিল্ক ভিটার ভাইস চেয়ারম্যান ও স্পেশাল পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাড. এমএ হামিদ লাভলু প্রমুখ।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর